

শিলা ১৯ ১৭

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়েও সংস্কারের ডেউ

মনিরুজ্জামান উজ্জ্বল

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে সংস্কার শুরু হয়েছে। জোট সরকারের শেষ সময়ে অবৈধভাবে নিয়োখপ্রাপ্ত ও চিকিৎসকের নিয়োগ বাতিল করেছে কর্তৃপক্ষ। পাশাপাশি ওই আমলে রাজনৈতিক বিবেচনায় যোগ্যতা থাকা সবেও পদোন্নতিবঞ্চিত হয়েছেন এমন অর্ধশতাধিক শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীর পদোন্নতি প্রদানের সুপারিশ করেছে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট। বর্তমানে পদোন্নতিবঞ্চিতদের চাকরির মেয়াদকাল ও যোগ্যতা পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হচ্ছে। এছাড়া হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকে গত সরকারের শাসনামল পর্যন্ত সব ধরনের আর্থিক নিয়োগ সংক্রান্ত অনিয়ম তদন্ত করে দেখা হচ্ছে। অভিযোগ রয়েছে,

গত সরকারের আমলে প্রায় শতাধিক ডাক্তার নিয়োগ দেয়া হয়। তারা সবাই বিভিন্ন মেডিকেল কলেজের ছাত্রদল নেতা ছিলেন। বিভিন্ন গোয়েন্দা সংস্থার প্রতিবেদনেও তার প্রমাণ পাওয়া গেছে। সংশ্লিষ্ট নিয়োগ বাতিল করা ও চিকিৎসক হলেন— ডা. নূর মোহাম্মদ শরীফ আল শামস (সার্জারি), ডা. রেজোয়ানা শারমিন (সার্জারি), ডা. আশেক রহমান (প্রমোডনটিকস), ডা. মোঃ ইয়াসির আরশাদ রাজন (মেডিসিন), ডা. মোসাম্মৎ শূশতারি জান্নাত (ওর্যাল এন্ড ম্যাক্সিলো ফেশিয়াল সার্জারি) ও ডা. মোহাম্মদ নূরুল আফনার (শিশু বিজ্ঞান)। মে হাসে সিন্ডিকেট সদস্যদের গোপন ভোটে তাদের চাকরির নিয়োগ বাতিল করা হয়। গত ৪ ফেব্রুয়ারি একাডেমিক কাউন্সিলের ডেউ : পৃষ্ঠা ২ : কলাম ৮

হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকে গত সরকারের শাসনামল পর্যন্ত সব ধরনের আর্থিক নিয়োগ সংক্রান্ত অনিয়ম তদন্ত করে দেখা হচ্ছে।

ডেউ : সংস্কারের

(৩য় পৃষ্ঠার পর)

এক কৈশিক ১৯৯৮ সালে বিশ্ববিদ্যালয় সৃষ্টির পর থেকে রাজনৈতিক বিবেচনায় পদোন্নতিবঞ্চিত হয়েছেন এমন শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের প্রাপ্য পদোন্নতি দিতে ৮ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মবিন খান ও ডেপুটি রেজিস্ট্রার হাফিজুর রহমানের সমন্বয়ে গঠিত কমিটি তদন্ত শেষে সুপারিশ তৈরি করে ২৭ মে সিন্ডিকেট সভায় উপস্থাপন করে। সিন্ডিকেট সভায় যোগ্যতাসম্পন্ন বঞ্চিতদের পদোন্নতি প্রদানের সিদ্ধান্ত নেয়া হয় এবং সে ক্ষেত্রে সুপারিশকৃত চিকিৎসক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের যোগ্যতা পুনরায় পরীক্ষা-নিরীক্ষার নির্দেশ দেয়া হয়। মেডিকেল অফিসার থেকে সহকারী অধ্যাপক পর্যন্ত পদোন্নতিবঞ্চিতদের মধ্যে অন্যতম ডার্শাটোলজি বিভাগের আসম চাকরিয়া স্থপন। নিউরো মেডিসিনের আবু নসর রিজভী, গাইনির কাঁতি রানী দাস, অর্থোপেডিকসের ডা. মোঃ শফিকুল আলম, ইএনটির দেলোয়ার হোসেন, সার্জারির সয়েফউদ্দিন, গ্যাস্ট্রোএন্ট্রোলজির হানান মাসুদ ও অনকোলজির ডা. সরোয়ার হান্নান প্রমুখ। এছাড়াও তৃতীয় ও চতুর্থ শ্রেণীর মেধাসম্পন্ন কর্মচারীদের একটি তালিকাও সুপারিশ করা হয়েছে। খুব শিগগিরই সংস্কার প্রক্রিয়ার অংশ হিসেবে এ অর্ধশত চিকিৎসক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী পদোন্নতি পাবেন।